



NOTRE DAME COLLEGE

G. P. O. Box No. 5

Motijheel, Dhaka-1000, Bangladesh

Phone: 88-02-41070712, 88-02-41070713

notredamecollege@ndc.edu.bd

Web site: ndc.edu.bd

Date: September 1, 2024

## বিজ্ঞপ্তি

নটর ডেম কলেজের বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আজকে কলেজের বাইরে যে অপ্রীতিকর ও অনভিপ্রেত ঘটনা ঘটেছে তাতে আমরা ভীষণভাবে উদ্ভিন্ন ও মর্মান্বিত। সামাজিক যোগাযোগ মাধ্যমে আগামীকাল অনুরূপ আর একটি ঘটনার পূর্বাভাস আমরা পেয়েছি। তাই, নটর ডেম কলেজের বর্তমান ও প্রাক্তন ছাত্রদের জানাতে চাই যে, মারামারি, হানাহানি, প্রতিহিংসা, ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষে লিপ্ত হওয়া নটর ডেমের আদর্শ ও মূল্যবোধ পরিপন্থি, তাই এমন কার্য-কলাপ আমরা কখনো সমর্থন করি না বরং নিয়মিত স্বাভাবিক শিক্ষা-কার্যক্রম পরিচালনায় আমরা দৃঢ় প্রতিজ্ঞ। নটর ডেম কলেজ সর্বদা শান্তি-সম্প্রীতি ও সকলের সাথে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক প্রতিষ্ঠায় বিশ্বাসী। ছাত্রদের এব্যাপারে দায়িত্বশীল ভূমিকা পালন করতে ও পড়াশোনায় যথার্থ মনোনিবেশ করতে আহ্বান জানানো হচ্ছে। শিক্ষার সুন্দর পরিবেশ বজায় রাখার জন্য সম্মানিত অভিভাবকবৃন্দ, এ্যালামনাইবৃন্দ ও বর্তমান ছাত্রদের সার্বিক সহযোগিতা কামনা করছি।

কলেজ কর্তৃপক্ষ